মেহেরপুরে সড়ক দূর্ঘটনায় টিভি চ্যানেলের ৩ সাংবাদিক আহত

গাংনী উপজেলার কাজিপুর আলম বাজার এলাকায় সড়ক দূর্ঘটনায় বেসরকারি ২ টেলিভিশন চ্যানেলের তিন সাংবাদিক মারাত্বক আহত হয়েছেন।

আহতরা হলেন, বেসরকারি টিভি চ্যানেল মাছরাঙা টেলিভিশনের মেহেরপুর জেলা প্রতিনিধি বেন ইয়ামিন মুক্ত, চ্যানেল টোয়েন্টিফোরের স্টাফ রিপোর্টার রাশেদুজ্জামান ও তার ক্যামেরা পার্সন মোহা: বিপ্লব।

আজ বুধবার (১২ অক্টোবর) দুপুরের দিকে বামন্দী-কাজিপুর সড়কের আলম বাজার এলাকায় এই দূর্ঘটনা ঘটে।

আহত রাশেদুজ্জামান বলেন, কাজিপুর এলাকায় পেশাগত দায়ীত্ব পালন শেষে মোটরসাইকেল যোগে ফিরছিলাম। আলম বাজারে পৌছানো মাত্রই একটি ছাগল মোটরসাইকেলের সামনে এসে পড়লে আমরা সকলেই রাস্তার উপরে ছিটকে পড়ি। পরে স্থানীয়রা আমাদের উদ্ধার করে বামন্দীর হুদা ক্লিনিকে নিয়ে আসনে।

তিনি জানান, সাংবাদিক বেন ইয়ামিন মুক্ত’র বেশ কয়েক স্থানে কেঁটে ছিড়ে গেছে। সকলেরই হাত ও পাসহ বিভিন্ন স্থানে ক্ষত হয়েছে। চিকিৎসা নিয়ে বর্তমানে বাসাতে ফিরেছেন তারা।